

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৬, ২০১০

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ই জুন, ২০১০/২রা আষাঢ়, ১৪১৭

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনগুলি ১৬ই জুন, ২০১০ (২রা আষাঢ়, ১৪১৭) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনগুলি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১০ সনের ২৬ নং আইন

### Stamp Act, 1899 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Stamp Act, 1899 (Act II of 1899) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন Stamp (Amendment) Act, 2010 নামে অভিহিত হইবে।

২। Act II of 1899 এর SCHEDULE I এর সংশোধন।—Stamp Act, 1899 (Act II of 1899) এর SCHEDULE I এর এন্ট্রি 23 এর “2% for the rural area and 3% for the urban area” শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলির পরিবর্তে “3% for both the rural and urban area” শব্দগুলি, সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

( ৬১৪৯ )

মূল্য : টাকা ২.০০

## ২০১০ সনের ২৭ নং আইন

**Income-tax Ordinance, 1984 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন Income-tax (Amendment) Act, 2010 নামে অভিহিত হইবে।

(২) এই আইন অবিলম্বে কার্যকর হইবে।

২। **Ordinance No. XXXVI of 1984 এর Section 53FF এর সংশোধন**।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর Section 53FF এর clause (b) এর sub-clause (ii) এর—

(ক) “valued at a sum exceeding one lakh taka” শব্দগুলি বিলুপ্ত হইবে;

(খ) “tax shall be payable” শব্দগুলির পরিবর্তে “and on which stamp duty is chargeable under the Stamp Act, 1899 (Act No. II of 1899)” শব্দগুলি, সংখ্যাগুলি, বন্ধনীগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

৩। **Ordinance No. XXXVI of 1984 এর Section 53H এর সংশোধন**।—উক্ত Ordinance এর Section 53H এর sub-section (2) এর—

(ক) clause (c) এর পরিবর্তে নিম্নরূপ clause (c) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(c) mortgage of any property to any bank and/or any financial institution;” ;

(খ) clause (e) বিলুপ্ত হইবে।

(গ) Explanation এ উল্লিখিত “Bangladesh Shilpa Bank and the Bangladesh Shilpa Rin Sangstha” এর পরিবর্তে “Bangladesh Development Bank” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

আশফাক হামিদ

সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)